GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

MINISTRY OF AGRICULTURE

RESOLUTION

No. III/Cotton-8/72-393-14th December 1972ÍThe Government is pleased to constitute with immediate effect, for the purpose of development of Cotton cultivation in Bangladesh, a Cotton Development Board which shall consist of:Í

(i) Minister for Agriculture – Chairman (ex-officio).

(ii) Secretary, Ministry of AgricultureÍVice-Chairman (ex-officio).

(iii) A representative of the Ministry of Industries (not below the rank of Joint Secretary) — Members

(iv) Director of Agriculture (Extension and Management). — "

(v) Director of Agriculture (Research and Education). — "

(vi) Executive Director, Cotton Development BoardÍ Member-Secretary.

2. The Board may co-opt other members not exceeding three.

3. The functions of the Board shall beÍ

(a) to promote cotton cultivation by organising cotton growers association or societies and ensure supply of agricultural inputs and improved seeds, fertilizers, plant protection measures, irrigation and such other connected matters ;

(b) to arrange for training of cotton cultivators and establishment of demonstration plots ;

(c) to encourage development of ginnery for processing the cultivator's produce of seed cotton ;

(d) to render assistance in the marketing of seed cotton at growers' level.

4. The Executive Director will be responsible for the day-to-day functioning of the Board and implementation of its development schemes and projects subject to the general supervision, control and policy directives of the Board.

5. The finance of the Board will consist of funds provided under development projects and such other funds as may be made available by Government.

6. The Board, may, subject to the approval of the Government appoint such officers, advisers and other employees as may be neccessary, for the efficient performance of the functions of the Board, and such officers, advisers and employees shall be deemed to be Government servants.

7. The Board shall subject to the approval of the Government make regulations for conduct of its business.

**Ordered** that the resolution be published in the *Bangladesh Gazette* and copies there of forwarded to the Chairman and the Members of the Board.

SALAHUDDIN AHMED
Secretary.

## কৃষি মন্ত্রণালয়

## শাখা-২

## রিজুলিউশন

ঢাকা, ১০ই জ্যৈষ্ঠ ১৩৯৮/২৫শে মে ১৯৯১

**নং কৃষি-২/তূলা-৪/৯০(অংশ)/০২৩৯**—বাংলাদেশে তূলা চাষ ও গবেষণা উন্নয়নের লক্ষ্যে কৃষি মন্ত্রণালয়ের ১৪ই ডিসেম্বর, ১৯৭২ তারিখের ৩/কটন-৮/৭২-৩৯৩ নং রিজুলিউশন সংশোধনক্রমে নিম্নরূপভাবে তূলা উন্নয়ন বোর্ড গঠন করা হইল ঃ

| | | |
|---|---|---|
| (১) | কৃষি মন্ত্রী— | চেয়ারম্যান (পদাধিকারবলে) |
| (২) | সচিব, কৃষি মন্ত্রণালয়— | ভাইস-চেয়ারম্যান (পদাধিকারবলে) |
| (৩) | বস্ত্র মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি, (যুগ্ম-সচিব পদমর্যাদার নীচে নহে)। | সদস্যবৃন্দ |
| (৪) | মহা-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর। | ,, |
| (৫) | নির্বাহী সহ-সভাপতি, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল। | ,, |
| (৬) | নির্বাহী পরিচালক, তূলা উন্নয়ন বোর্ড— | সদস্য-সচিব |

২। বোর্ড প্রয়োজনবোধে অনূর্ধ্ব তিনজন সদস্য কো-অপ্ট করিতে পারিবে।

৩। **বোর্ডের কার্যক্রম হইবে নিম্নরূপ ঃ—**

(ক) তূলাচাষী সংস্থা বা কমিটিসমূহকে সংগঠিত করিয়া তূলাচাষের ব্যাপ্তি সাধন এবং কৃষি উপকরণ ও উন্নত বীজ, সার সরবরাহ, উদ্ভিদ সংরক্ষণ ব্যবস্থা গ্রহণ, সেচ ও সংশ্লিষ্ট আনুষংগিক বিষয়াদি;

(খ) তূলা চাষীদের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ এবং প্রদর্শনী খামার স্থাপন;

(গ) চাষীদের উৎপন্ন বীজ তূলা প্রক্রিয়াকরণের জন্য 'জিনিং' ব্যবস্থাকে উৎসাহ প্রদান;

(ঘ) উৎপাদন পর্যায়ে বীজ তূলা বাজারজাতকরণে সহায়তা প্রদান; এবং

(ঙ) তূলা উন্নয়ন কর্মসূচীর সম্প্রসারণ এবং সম্প্রসারিত উৎপাদনের নিরবচ্ছিন্নতার জন্য গবেষণা কার্যক্রম পরিচালন।

৪। নির্বাহী পরিচালক বোর্ডের দৈনন্দিন কার্যক্রম পরিচালনা করিবেন। তিনি বোর্ডের তত্ত্বাবধান, নিয়ন্ত্রণ ও নীতি নির্ধারণ সাপেক্ষে উহার উন্নয়ন স্কীম ও প্রকল্পসমূহ বাস্তবায়নের দায়িত্বে থাকিবেন।

৫। উন্নয়ন প্রকল্পসমূহ হইতে প্রাপ্ত অর্থ এবং সরকার প্রদত্ত অন্যান্য অর্থ সমন্বয়ে বোর্ডের তহবিল গঠিত হইবে।

৬। সরকারের অনুমোদনক্রমে বোর্ডের কার্যক্রম দক্ষতার সাথে সম্পাদনের নিমিত্তে বোর্ড

প্রয়োজনানুযায়ী কর্মকর্তা, উপদেষ্টা এবং কর্মচারীদের নিয়োগ প্রদান করিতে পারিবে। এই সকল কর্মকর্তা, উপদেষ্টা ও কমচারীগণ সরকারী কর্মচারী বলিয়া গণ্য হইবেন।

৭। বোর্ডের কার্যক্রম পরিচালনার জন্য সরকারের অনুমোদনক্রমে বোর্ড প্রবিধান (রেগুলেশন) প্রণয়ন করিতে পারিবে।

৮। এই রিজুলিউশন অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

কে, এম, রব্বানী
সচিব।